ঝিনাইদহে বিশ্ব কুষ্ঠ দিবস পালিত

‘কুষ্ঠরোগ নিরাময়যোগ্য, সামাজিক কুসংস্কার প্রকৃত বাধা’ এই প্রতিপাদ্যকে সামনে রেখে ঝিনাইদহে বিশ্ব কুষ্ঠ দিবস পালিত হয়েছে।

রোববার (২৫ জানুয়ারি) সকালে সিভিল সার্জন অফিসের সামনে থেকে ওয়েলফেয়ার এফোর্টস (উই) এর সহযোগীতায় সিভিল সার্জন অফিসের আয়োজনে একটি র্যালী বের করা হয়। র্যালীটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে একই স্থানে এসে শেষ হয়।

পরে সিভিল সার্জনের সম্মেলন কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে সিভিল সার্জন ডা.কামরুজ্জামান, সদর উপজেল স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা.মিথিলা ইসলাম, সিভিল সার্জন অফিসে মেডিকেল অফিসার ডা: মালিহা সুলতানা, দ্যা ল্যাপ্রোসি মিশন ইন্টারন্যাশনাল খুলনা রিজিওনের মেডিকেল অফিসার ডা: জ্যাকুলিন রোজ হাজরা, উই এর পরিচালক শরিফা খাতুনসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

সেসময় বক্তারা বলেন, কুষ্ঠরোগ সম্পূর্ণ নিরাময়যোগ্য হলেও সামাজিক কুসংস্কার ও ভ্রান্ত ধারণার কারণে এখনও অনেক রোগী চিকিৎসা নিতে পিছিয়ে থাকেন। কুষ্ঠরোগীদের প্রতি বৈষম্য পরিহার করে সময়মতো চিকিৎসা নিশ্চিত করলে এ রোগ সম্পূর্ণভাবে নিয়ন্ত্রণে আনা সম্ভব। পাশাপাশি কুষ্ঠরোগ সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির ওপর গুরুত্বারোপ করেন বক্তারা।

শৈলকুপায় ট্রাক চাপায় বাইসাইকেল চালক নিহত

ঝিনাইদহের শৈলকুপায় ট্রাক চাপায় মুফা মালিথা (৪০) নামের এক বাইসাইকেল আরোহী নিহত হয়েছে। রোববার (২৫ জানুয়ারি) সকালে

উপজেলার গাবলা এলাকায় এ দুর্ঘটনা ঘটে। নিহত মুফা শৈলকুপা উপজেলার বেড়বাড়ি গ্রামের মৃত তাইজাল মালিথার ছেলে।

স্থানীয়রা জানায়, সকালে মুফা মালিথা বাইসাইকেল যোগে ভাটই বাজার থেকে ঝিনাইদহ শহরের দিকে যাচ্ছিলো। পথে ঝিনাইদহ-কুষ্টিয়া মহাসড়কের গাবলা এলাকায় পৌঁছালে পেছন দিক থেকে আসা একটি ট্রাক তাকে চাপা দিয়ে পালিয়ে যায়। এতে ঘটনাস্থলেই মুফা নিহত হয়। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থল থেকে তার লাশ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য সদর হাসপাতালের মর্গে পাঠায়।

ঝিনাইদহ আরাপপুর হাইওয়ে থানার ওসি মৃত্যুঞ্জয় বিশ্বাস ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, মৃতদেহ উদ্ধার করে ঝিনাইদহ সদর হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে । ঘাতক ট্রাকটি আটকের চেষ্টা চলছে।

ঝিনাইদহ-২ আসনের জামায়াত প্রার্থীর মতবিনিময় সভা

আগামী ২৬ জানুয়ারি জাময়াতের কেন্দ্রীয় আমীর ডা. শফিকুর রহমানের ঝিনাইদহে আগামন উপলক্ষ্যে জেলায় কর্মরত প্রিন্ট, ইলেকট্রনিক ও মাল্টিমিডিয় মিডিয়ার সাংবাদিকদের সাথে ঝিনাইদহ-২ আসনের ১০দলীয় জোট প্রার্থী জেলা জামায়াতের আমীর আলী আজম মোঃ আবু বকরের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

শনিবার (২৪ জানুয়ারি) বেলা সাড়ে ১২টায় শহরের কাঞ্চনপুর জেলা জামায়াতের কার্যালয়ে এই সভা অনুষ্টিত হয়।

সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা জামায়াতের আমীর ও ঝিনাইদহ -২ আসনের ১০দলীয় জোট মনোনিত প্রার্থী আলী আজম মোঃ আবু বকর।

এছাড়া সভায় অতিথি হিসেবে জেলা জাময়াতের নায়েবে আমীর আব্দুল আলীম, জাতীয় নাগরিক পার্টি (এনসিপি’র) জেলার যুগ্ম সমন্বয়কারী আরেফিন

কায়ছার ও আলাউদ্দীন জোয়ার্দ্দার। শহর শাখার জামায়াতের আমীর এ্যাড. ইসমাইল হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন জেলা জামায়াতের জেনারেল সেক্রেটারি আব্দুল আওয়াল ।

মতবিনিময় সভায় সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন এবং বিএনপির বিরুদ্ধে নির্বাচনী আচরণ বৃদ্ধি ভঙ্গের অভিযোগ তুলে ধরেন। এছাড়া আগামী ২৬ জানুয়ারি বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় আমীরের ঝিনাইদহে আগমন উপলক্ষে সকল সাংবাদিকদের উপস্থিত থাকার আহবান জানান।

ঝিনাইদহে উৎসবমুখর পরিবেশে সরস্বতী পূজা উদযাপন

আজ সনাতন ধর্মাবলম্বীদের অন্যতম ধর্মীয় উৎসব সরস্বতী পূজা। বিদ্যা, বাণী ও সুরের অধিষ্ঠাত্রী দেবী সরস্বতী সনাতন ধর্মাবলম্বীদের কাছে সত্য, ন্যায় ও জ্ঞানালোকের প্রতীক হিসেবে পূজিত।

যদিও সরস্বতী বৈদিক দেবী, তবে সরস্বতী পূজার বর্তমান রূপটি মূলত আধুনিককালে প্রচলিত হয়েছে। প্রাচীনকালে তান্ত্রিক সাধকেরা সরস্বতী-সদৃশ দেবী বাগেশ্বরীর পূজা করতেন বলে ইতিহাসে উল্লেখ রয়েছে।

প্রতিবছরের মতো এ বছরও ঝিনাইদহের চাকলা পাড়া প্রাঙ্গণে ধর্মীয় ভাবগাম্ভীর্য ও উৎসবমুখর পরিবেশে সরস্বতী পূজা অনুষ্ঠিত হয়। এ পূজায় কলেজের শিক্ষার্থীদের পাশাপাশি জেলার বিভিন্ন এলাকার সনাতন ধর্মাবলম্বী সম্প্রদায়ের মানুষ অংশগ্রহণ করেন।

পূজা উপলক্ষে সকাল থেকেই পূজা মন্ডপ প্রাঙ্গণে ভক্তদের উপস্থিতি দেখা যায়। পূজার আনুষ্ঠানিকতা হিসেবে দেবীর চরণে পুষ্পাঞ্জলি প্রদান করা হয়। পরে ভক্তদের মাঝে প্রসাদ বিতরণ করা হয়। পাশাপাশি ধর্মীয় আলোচনাসভা ও প্রার্থনার আয়োজন করা হয়, যেখানে দেবী সরস্বতীর মহিমা ও শিক্ষার গুরুত্ব তুলে ধরা হয়।

আয়োজকরা জানান, শিক্ষা ও সংস্কৃতির বিকাশে সরস্বতী পূজার গুরুত্ব অপরিসীম। শিক্ষার্থীদের জ্ঞানচর্চা, নৈতিকতা ও মানবিক মূল্যবোধে উদ্বুদ্ধ করতেই এ আয়োজন করা হয়েছে।

ঝিনাইদহে পোস্টাল ব্যালটে ভোট দেবেন ২১ হাজার ৪৭ জন ভোটার

আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে ঝিনাইদহের চারটি সংসদীয় আসনে পোস্টাল ব্যালটের মাধ্যমে ভোটাধিকার প্রয়োগ করবেন ২১ হাজার ৪৭ জন ভোটার।

এর মধ্যে পুরুষ ভোটার ১৬ হাজার ৬৩২ জন এবং মহিলা ভোটার ৪হাজার ৪৫২জন। নিবন্ধন করলেও ৩৭ ভোটার অনুমোদন না পাওয়ায় এবছর ২১হাজার ৪৭ জন ভোটার ভোট দিতে পারবেন।

এছাড়াও এবার ৭৯ জন কারাবন্দি ও ১৩৬ জন আনসার ভিডিপির সদস্য পোষ্টাল ব্যালটে ভোট দিতে রেজিস্ট্রেশন সম্পন্ন করেছেন বলে জানা গেছে।

জেলা নির্বাচন অফিস সূত্রে জানা গেছে, দেশের বিভিন্ন স্থানে কর্মরত সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের কর্মকর্তা-কর্মচারীসহ অন্যান্য ভোটার রয়েছেন ১৪ হাজার ৫১১ জন।

অপরদিকে বিদেশে অবস্থানরত প্রবাসী ভোটারের সংখ্যা ৬ হাজার ৫৩১ জন। তবে বিভিন্ন দেশে ঝিনাইদহের প্রায় ৮৫ হাজার প্রবাসী থাকলেও নিবন্ধন করেছে মাত্র সাড়ে ৬ হাজার ভোটার।

নিবন্ধিত পোস্টাল ব্যালট ভোটারদের মধ্যে ঝিনাইদহ জেলা কারাগারে থাকা বন্দি ভোটার রয়েছেন ৭৯ জন এবং আনসার ভিডিপির সদস্য রয়েছে ১৩৬ জন।

আসন ভিত্তিক তথ্য নিয়ে জানাযায়, ঝিনাইদহ-১ আসনে ৪ হাজার ৬০ জন,

ঝিনাইদহ-২ আসনে ৭ হাজার ১৩৮ জন, ঝিনাইদহ-৩ আসনে ৫ হাজার ৪০৬ ও ঝিনাইদহ-৪ আসনে ৪ হাজার ৪৩৮ ভোটারকে পোষ্ট অফিসের মাধ্যমে আসনভিত্তিক ভোট দেওয়ার জন্য পোস্টাল ব্যালট পাঠানো হচ্ছে।

নির্ধারিত সময়ের মধ্যেই সংশ্লিষ্ট সকল ভোটাররা তাদের পোষ্টাল ব্যারটে ভোট দিতে পারবেন।

জেলা নির্বাচন অফিসার আবুল হোসেন জানান, কর্মস্থল, প্রবাস বা কারাবন্দি থাকার কারণে যারা এতদিন সরাসরি ভোটকেন্দ্রে গিয়ে ভোট দিতে পারতেন না, পোস্টাল ব্যালট পদ্ধতির মাধ্যমে তাদের ভোটাধিকার নিশ্চিত করা সম্ভব হচ্ছে। এটি নির্বাচন ব্যবস্থায় একটি যুগান্তকারী পদক্ষেপ।

পোস্টাল ব্যালট ভোটার ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলার ভাতুড়িয়া গ্রামের বাসিন্দা শাহিদুর রহমান জানান, ভোট গ্রহনের দায়িত্ব পাওয়ার কারণে প্রতিবারই ভোটের দিন সেন্টারে গিয়ে ভোট দেওয়া সম্ভব হয় না। এবার পোস্টাল ব্যালটের মাধ্যমে ভোট দেওয়ার সুযোগ পেয়ে সত্যিই খুশি। এতে আমার মতো অনেকেই ভোটাধিকার প্রয়োগের সুযোগ পাবেন।

ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলা নির্বাচন অফিসার (ভারপ্রাপ্ত) আলমগীর হুসাইন জানান, পোস্টাল ব্যালটে ভোটগ্রহণ প্রক্রিয়া সুষ্ঠু, স্বচ্ছ ও নিরাপদ করতে

প্রয়োজনীয় সব প্রস্তুতি নিয়েছেন নির্বাচন কমিশিন। কোনো ধরনের অনিয়ম যাতে না ঘটে, সে বিষয়ে বিশেষ নজর রাখা হচ্ছে। তিনি আরও বলেন, এক একটি সংসদীয় আসনের পোস্টাল ব্যালট নিদৃষ্ট স্থানে জমা হবে এবং নির্বাচনের দিন ভোট গণনার সময় এই ভোট গণনা করা হবে।

ঝিনাইদহ জেলা রিটার্নিং কর্মকর্তা ও জেলা প্রশাসক মো. আব্দুল্লাহ আল মাসউদ বলেন, পোস্টাল ব্যালট পদ্ধতি চালুর ফলে নির্বাচনে ভোট প্রদানের সংখ্যা বাড়বে এবং গণতান্ত্রিক প্রক্রিয়া আরও শক্তিশালী হবে।

ঝিনাইদহে স্বতন্ত্র প্রার্থীর নির্বাচনী সভায় যাওয়ার পথে প্রতিপক্ষের হামলায় আহত ৩

ঝিনাইদহের কালীগঞ্জে স্বতন্ত্র প্রার্থীর নির্বাচনী সভায় যাওয়ার পথে প্রতিপক্ষের হামলায় তিনজন আহত হয়েছেন। আহতদের কালীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে।

বৃহস্পতিবার (২২ জানুয়ারি) দুপুর আড়াইটার দিকে উপজেলার রামচন্দ্রপুর ও উল্ল্যা গ্রামের এলাকায় এ ঘটনা ঘটে।

আহতরা হলেন উপজেলার উল্ল্যা গ্রামের আনোয়ার হোসেন কালু বিশ্বাস, সদর উপজেলার সমসপুর গ্রামের শহিদুল ইসলাম এবং ধনঞ্জয়পুর গ্রামের মো. আবু মিয়া।

আহত আনোয়ার হোসেন কালু বিশ্বাস বলেন, আমি বাইসাইকেলযোগে স্বতন্ত্র প্রার্থী ফিরোজের নির্বাচনী সমাবেশে কালীগঞ্জে যাচ্ছিলাম। পথিমধ্যে বিএনপি প্রার্থীর কর্মীরা লাঠিসোঁটা ও দেশীয় অস্ত্রশস্ত্র নিয়ে আমার ওপর হামলা করে।

অপরদিকে রামচন্দ্রপুর এলাকায় স্বতন্ত্র প্রার্থী ফিরোজের কর্মী শহিদুল ইসলাম ও আবু মিয়ার ওপরও হামলা চালায় বিএনপি প্রার্থীর কর্মীরা বলে অভিযোগ করা হয়েছে।

অভিযোগের বিষয়ে ঝিনাইদহ-৪ আসনের বিএনপি প্রার্থী রাশেদ খান বলেন, আমি এলাকায় নতুন। কে যে কার কর্মী, তা এখনো বুঝে উঠতে পারছি না। তবে আমার প্রকৃত কোনো কর্মী এ ধরনের ঘটনা ঘটাতে পারে না।

এ বিষয়ে কালীগঞ্জ থানার ওসি জেল্লাল হোসেন বলেন, খবর পেয়ে পুলিশ ও সেনাবাহিনীর একাধিক দল ঘটনাস্থলে পৌঁছেছে। দুষ্কৃতকারীদের আটকের জন্য অভিযান চলছে।

হরিণাকুণ্ডুতে বৈদ্যুতিক শর্ট সার্কিটের আগুনে ভস্মীভূত মুদি ও চায়ের দোকান

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে বৈদ্যুতিক শর্ট সার্কিটের ভয়াবহ আগুনে ভস্মীভূত হয়ে গেছে একটি মুদি ও চায়ের দোকান।

বুধবার (২১ জানুয়ারি) দিবাগত রাত ১১টার দিকে উপজেলার গাজীপুর গ্রামের কামাল উদ্দিন কালুর মুদি ও চায়ের দোকানে এ অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে।

দোকান মালিক কামাল উদ্দিন কালু জানান, আমার এই দোকানই ছিল আমার একমাত্র সম্বল। অগ্নিকাণ্ডে দোকানের অবকাঠামো ও মালামালসহ আনুমানিক লক্ষাধিক টাকার ক্ষতি হয়েছে। এলাকাবাসীর প্রচেষ্টায় প্রায় এক ঘণ্টা পর আগুন নিয়ন্ত্রণে আসে। স্থানীয় সূত্রে জানা যায়, বৈদ্যুতিক শর্ট সার্কিট থেকেই আগুনের সূত্রপাত ঘটে।

এদিকে সময়মতো না পৌঁছানোর অভিযোগ তুলে হরিণাকুণ্ডু ফায়ার সার্ভিসের বিরুদ্ধে ক্ষোভ প্রকাশ করেন স্থানীয়রা। তাঁদের দাবি, ফায়ার সার্ভিসের গাফিলতির কারণেই ক্ষয়ক্ষতির পরিমাণ বেড়ে গেছে। এ সময় আগুন নিয়ন্ত্রণের উদ্দেশ্যে রওনা দেওয়া ফায়ার সার্ভিসের একটি প্রতিনিধি দল কুলবাড়িয়া বাজারে পৌঁছালে জনতা তাদের অবরুদ্ধ করে “ভুয়া ভুয়া” স্লোগান দিতে থাকে।

হরিণাকুণ্ডু ফায়ার সার্ভিসের টিম লিডার ফরহাদ হোসেন ঘটনার সত্যতা সম্পর্কে বলেন, এই ঘটনায় আমরা সরাসরি কোনো সংবাদ পাইনি। ভুক্তভোগীরা ৯৯৯ লাইনে ফোন করলে আমরা মেসেজ পাওয়ার সঙ্গে সঙ্গেই ঘটনাস্থলের উদ্দেশ্যে রওনা দিই। এক পর্যায়ে স্থানীয় জনতা আমাদের অবরুদ্ধ করে রাখে। পরে তারা ভুল বুঝতে পেরে আমাদের কাছে দুঃখ প্রকাশ করেন। এরপর আমরা অবরুদ্ধতা এড়িয়ে ঘটনাস্থল পরিদর্শন করি।

কোটচাঁদপুরে মোটরসাইকেলের গতিরোধ করে ছিনতাই

কোটচাঁদপুরে এক যুবকের মোটরসাইকেলের গতিরোধ করে অস্ত্রের ভয় দেখিয়ে টাকা ও মোবাইল ছিনিয়ে নেওয়ার অভিযোগ উঠেছে।

বুধবার সন্ধ্যা রাতে উপজেলার পাঁচলিয়া সড়কের গোরসুতী গ্রামের মাদ্রাসার সামনের সড়কে এ ঘটনাটি ঘটে। এ সময় দুর্বৃত্তরা ওই যুবককে পিটিয়ে আহত করে। বর্তমানে তিনি স্থানীয় স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাধীন রয়েছেন। আহত যুবক পাঁচলিয়া গ্রামের রহিদুল ইসলামের ছেলে।

রহিদুল ইসলাম জানান, তাঁর ছেলে শাওন হোসেন (১৯)। তিনি পোলট্রি মুরগির চাষ করেন। মুরগি বিক্রির টাকা গোরসুতী মাদ্রাসার আহিদুল ইসলামের কাছে বাচ্চা কেনার জন্য জমা রাখতেন। বুধবার সন্ধ্যায় শাওন মুরগি বিক্রির টাকা নিয়ে মাদ্রাসার দিকে যাচ্ছিলেন।

পথিমধ্যে কয়েকজন যুবক তাঁর মোটরসাইকেলের গতিরোধ করে। এরপর তাঁকে পিটিয়ে আহত করে তাঁর কাছে থাকা নগদ ৪০ হাজার টাকা ও একটি মোবাইল ফোন ছিনিয়ে নেয়। খবর পেয়ে স্থানীয়রা ঘটনাস্থল থেকে তাঁকে উদ্ধার করে কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেন। বর্তমানে তিনি সেখানেই চিকিৎসাধীন রয়েছেন।

কোটচাঁদপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আসাদউজ্জামান বলেন, ঘটনাটি যেভাবে শোনা যাচ্ছে, বিষয়টি ঠিক সেভাবে নাও হতে পারে। এর মধ্যে অন্য কিছু থাকতে পারে। বিষয়টি নিয়ে তদন্ত শুরু হয়েছে। তদন্তের পর প্রকৃত রহস্য জানা যাবে। তবে এ ঘটনায় এখনো পর্যন্ত কেউ কোনো লিখিত অভিযোগ করেনি।

ঝিনাইদহ পাবলিক স্কুলে বার্ষিক

ক্রীড়া প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ

ঝিনাইদহের পাবলিক স্কুলে উৎসবমুখর পরিবেশে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। বিদ্যালয় প্রাঙ্গণে আয়োজিত এ প্রতিযোগিতায় শতাধিক শিক্ষার্থী বিভিন্ন ইভেন্টে অংশগ্রহণ করে তাদের মেধা ও শারীরিক দক্ষতার পরিচয় দেয়।

গতকাল দিনব্যাপী ক্রীড়া প্রতিযোগিতা শেষে বিদ্যালয় প্রাঙ্গণে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন বাংলাদেশ কিন্ডারগার্টেন এসোসিয়েশনের কেন্দ্রীয় প্রশিক্ষণ সম্পাদক গোলাম মোস্তফা চঞ্চল।

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন জেলা শাখার সভাপতি শাহীনুর আলম লিটন, সাধারণ সম্পাদক কামরুজ্জামান লিটন, ঝিনাইদহ ক্যাডেট কোচিংয়ের সহকারী পরিচালক রোকনুজ্জামান। অনুষ্ঠানের সভাপতিত্বে করেন বিদ্যালয়ের পরিচালক পরিচালক হাফিজুর রহমান।

সেসময় বক্তারা, শিক্ষার্থীদের শারীরিক ও মানসিক বিকাশে খেলাধুলার গুরুত্ব তুলে ধরেন এবং পড়াশোনার পাশাপাশি নিয়মিত ক্রীড়াচর্চায় অংশগ্রহণের জন্য শিক্ষার্থীদের উৎসাহিত করেন।

আলোচনা সভা শেষে বিভিন্ন ইভেন্টে বিজয়ী শিক্ষার্থীদের মাঝে অতিথিবৃন্দ পুরস্কার বিতরণ করেন। আনন্দঘন এ আয়োজনে শিক্ষার্থী, শিক্ষক ও অভিভাবকদের স্বতঃস্ফূর্ত উপস্থিতিতে অনুষ্ঠানটি সফলভাবে সম্পন্ন হয়।

ঝিনাইদহের ৪টি সংসদীয় আসনের ২১

প্রার্থীর মধ্যে প্রতীক বরাদ্দ

আগামী ১২ ফেব্রুয়ারি ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে ঝিনাইদহের ৪টি সংসদীয় আসনের প্রার্থীদের মাঝে প্রতীক বরাদ্দ দেওয়া হয়েছে। আজ বুধবার সকালে জেলা রির্টানিং কর্মকর্তার সম্মেলন কক্ষে আনুষ্ঠানিকভাবে এই প্রতীক বরাদ্দ দেওয়া হয়। জেলার ৪ টি সংসদীয় আসনে প্রতিদ্বন্দ্বিতাকারী মোট ২১ জন প্রার্থীর মাঝে তাদের নিজ নিজ প্রতীক তুলে দেওয়া হয়।

প্রতীক বরাদ্দের মাধ্যমে আনুষ্ঠানিকভাবে প্রার্থীদের নির্বাচনী প্রচারণা শুরু হলো । প্রতীক হাতে পেয়ে সন্তোষ প্রকাশ করেন প্রার্থীরা। তারা আশা প্রকাশ করেন, অবাধ সুষ্ঠু ও শান্তিপূর্ণ পরিবেশে এ নির্বাচন অনুষ্ঠিত হবে। ঝিনাইদহ ৪টি সংসদীয় আসনের বরাদ্দকৃত প্রতিকেরে প্রার্থীরা হলেন-

ঝিনাইদহ-১ (শৈলকুপা, সংসদীয় আসন-৮১):
মো. আসাদুজ্জামান- ধানের শীষ (বিএনপি), আবু ছালেহ মোঃ মতিউর রহমান- দাঁড়িপাল্লা (১০ দলীয় জোট), মো. মতিয়ার রহমান- ঈগল (এবি পার্টি), মো. সহিদুল এনাম পল্লব মিয়া- কাঁচি (বাংলাদেশের কমিউনিষ্ট লীগ-মার্কসবাদী), মনিকা আলম- লাঙ্গল (জাতীয় পার্টি)।

ঝিনাইদহ-২ (সদর-হরিণাকুণ্ডু, সংসদীয় আসন-৮২):
মো. আব্দুল মজিদ- ধানের শীষ- (বিএনপি), আলী আজম মোঃ আবু বকর-দাঁড়িপাল্লা (১০ দলীয় জোট), আসাদুল ইসলাম- মই (বাংলাদেশ সমাজতান্ত্রিক দল-বাসদ), মো. আবু তোয়াব- কাঁস্তে (সিপিবি), এইচ এম মুমতাজুর রহমান- হাতপাখা (ইসলামী আন্দোলন বাংলাদেশ), সাওগাতুল ইসলাম- লাঙ্গল (জাতীয় পার্টি)।

ঝিনাইদহ-৩ (কোটচাঁদপুর-মহেশপুর, সংসদীয় আসন-৮৩):
মোহাম্মদ মেহেদী হাসান- ধানের শীষ (বিএনপি), মো. মতিয়ার রহমান-দাঁড়িপাল্লা (১০ দলীয় জোট), মাওঃ সরোয়ার হোসেন- হাতপাখা (ইসলামী আন্দোলন বাংলাদেশ) ও সুমন কবির- ট্রাক (গণঅধিকার পরিষদ)।

ঝিনাইদহ-৪ (কালীগঞ্জ-সদরের ৪টি ইউনিয়ন, সংসদীয় আসন-৮৪):
মো. রাশেদ খাঁন- ধানের শীষ (বিএনপি), মো. আবু তালিব – দাঁড়িপাল্লা (১০ দলীয় জোট), মো. সাইফুল ইসলাম ফিরোজ- কাপ পিরিচ (স্বতন্ত্র), আব্দুল জলিল- হাতপাখা (ইসলামী আন্দোলন

বাংলাদেশ), মনিয়া খানম- উদীয়মান সূর্য (গণফোরাম), এমদাদুল ইসলাম (বাচ্চু)- লাঙ্গল (জাতীয় পার্টি)।

জেলা প্রশাসকের কার্যালয়ে প্রতীক বরাদ্দের সময় নির্বাচন সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

এর আগে সকাল সাড়ে ১০টায় আসন্ন নির্বাচনকে ঘিরে জেলার আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে এবং ভোটারদের নির্বিঘ্নে ভোটাধিকার প্রয়োগ নিশ্চিত করতে সব ধরনের প্রস্ততি নেওয়া হয়েছে বলে জানান জেলা রিটার্নিং কর্মকর্তা ও জেলা প্রশাসক মো. আব্দুল্লাহ আল মাসউদ।